# Tense - সময়/কাল/মুহূর্ত

**সংজ্ঞা:-** ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে **Tense** বলে।

→ **Tense** শব্দটি **Latin** শব্দ **Tempus** হতে উৎপত্তি এর অথ **Time** বা সময়।

→ **Tense** মানেই **Sentence** এ **Verb** এর পরিবর্তন।

→ **Verb** এর তিনটি **Form, Present, Past, Past participle** না জানলে **Tense** শেখাটা স্বার্থক হবে না।

**Tense**
**[মোট ১২ প্রকার]**

| Present Tense | Past Tense | Future Tense |
|---|---|---|
| Present Indefinite | Past Indefinite | Future Indefinite |
| Present Continuous | Past Continuous | Future Continuous |
| Present Perfect | Past Perfect | Future Perfect |
| Present Prefect Continuous | Past Perfect Continuous | Future Perfect Continuous |

## এক নজরে ১২ Tense ও Verb এর গঠন

| **Tense** | **Verb এর গঠন** |
|---|---|
| Present IndefiniteTense | $V_1$+s/es/ies/do/does |
| Present Continuous Tense | am/is/are+(v+ing) |
| Present Perfect Tense | have/has+$V_3$ |
| Present Perfect Continuous Tense | have/has+been+$V_4$[for/since] |
| Past Indefinite Tense | $V_2$ (did -only Interrogative ও Negative এ |
| Past Continuous Tense | was/were+$V_4$=(v+ing) |
| Past Perfect Tense | had+$V_3$ [before/after] |
| Past Perfect Continuous Tense | had been+$V_4$ =(v+ing) |
| Future Indefinite Tense | shall/will+$V_1$ |
| Future Continuous Tense | shall/will+be+ $V_4$= (v+ing) |
| Future Perfect Tense | shall/will + have = $V_3$ |
| Future Perfect Continuous Tense | shall/will+ have + been + $V_4$= (v+ing) |

## শেখা ও জানা দরকার

**1.am, is, are** থাকলেই কি? **Continuous Tense?** আবার কখন, কিভাবে **am, is, are Present Indefinite Tense** হয়।

**2.have/has** থাকলেই কি? **Perfect Tense**। আবার **have/has** থাকার পরেও **Present Indefinite Tense** হয়।

**3.was/were** থকালেই কি? **Past Continuous** আবার কখন, কিভাবে **Past Indefinite Tense** হয়।

***এরকম আরো কিছু ব্যতিক্রম নিয়ম নিয়ে আমাদের এর আয়োজন***

## **Present Indefinite Tense**

**সংজ্ঞা:-** কোন কাজ সচারাচর হয় এরুপ কোন কাজ ,অভ্যাসগত কাজ (habitual fact), চিরন্তন সত্য (universal truth), ঐতিহাসিক সত্য (historical truth), নিকট ভবিষ্যত (near future), এই ধরণের বাক্যকেPresent Indefinite Tense বুঝাবে।

**সহজে বুঝার উপায়:**বাংলা বাক্যের শেষে **ই, এ, অ, য, ও** থাকলে এই Tense হয়।

**Structure :-**

**(i) Sub + verb এর present form + others.**

**(ii) Sub + am/is/are + …………….others.**

**(iii) Sub + have/has + …………… others.**

**ব্যাখ্যা :-** মনে হয় একটু খটকা লেগে গেল কারণ am/is/are থাকলে সাধারণত Present Continuous হওয়ার কথা/আবার have/has থাকলে Present Perfect হওয়ার কথা, দেখা যাক নিচে উদাহরণ সহ ব্যাখ্যার বিশ্লেষণ।

**Exam :-1**

(i) আমি ইংরেজী পড়ি = I read English.

(ii) সে কাজটি করে = He does the work.

**ব্যাখ্যা :-** এই উদাহরণ দুটি সাধারণ নিয়মেই Present Indefinite Tense. অর্থাৎ :- S + verb এর present form + othersঅনুযায়ী ব্যবহৃত হয়েছে।

**Exam :-2**

**(i) আমি একজন ছাত্র = I am a student.**

**(ii) সে ধনী = He is Rich.**

**(iii) তুমি অনুষ্ঠানে আমন্ত্রিত = Youare invited in the function.**

**ব্যাখ্যা :-** উপরের তিনটি উদাহরণই যথাক্রমে Present Indefinite Tense। প্রশ্ন আসতে পাওে am,is,are থাকার পরও কেনPresent Indefinite Tense। কারণ- কোন বাক্যে যদি "‘am, is, are" .......... main verb হিসেবে বসে তাহলেContinuous Tenseনা হয়ে Indefinite Tenseহয়।

**Exam :-3**

(i) আমার একটি গাড়ী আছে = I have a car.

(ii) তার একটি স্বপ্ন আছে = He has a dream.

**ব্যাখ্যা :-** এখানেhave/hasথাকার পরেওPresent Perfect Tenseনা হয়েPresent Indefinite Tenseহয়েছে। কারণ have/has এখানেmain verb হিসেবে কাজ করছে।

**Note :-**

(i) Subject ও 3PSN (He, She, It বা কোন কিছুর নাম বোঝালেPresent Indefinite Tense এ verb এর সাথে s/es যুক্ত হয়।

(ii) একমাত্র Present Indefinite Tense ছাড়া কখনো কোন verb এর সাথে ‘‘s/es” যোগ হয় না।

## **দ্বন্দ লেগেই থাকে**

**Affirmative(হাঁ বোধক):-** Sub + $V_1$(s/es/ies) + others.

(i) He takes tea everyday - সে প্রতিদিন চা পান করে।

(ii) He reads a book - সে একটি বই পড়ে।

**Negative(না বোধক):-** Sub + don’t/doesn’t+ $V_1$+ others.

(i) He doesn’t take tea everyday - সে প্রতিদিন চা পান করে না।

(ii) He does not read a book - সে বই পড়ে না।

**Interrogative(প্রশ্নবোধক):-**Do/Does + Sub + $V_1$+ others ?

(i) Does he take tea everyday? - সে কি প্রতিদিন চা পান করে?

(ii) Does he read a book?- সে কি প্রতিদিন বই পড়ে?

**Negative –Interrogative :-**

(i) Doesn’t he take tea everyday? - সে কি প্রতিদিন চা পান করে?

## **মনে রাখতে হবে**

(i) I, We, You এই person গুলোর সাথে ‘‘do” বসে।
(ii) I, We, You, They এই চারটি person ছাড়া অন্যান্য সকল person গুলোর সাথে does বসে।
(iii) ‘‘Do, Does” একটি বাক্যে থাকা মানেই বাক্যটি Present Indefinite Tense আবার do, does এর পর main verbসর্বদায় base form ($V_1$)হয়।

## s/es/ies-যোগ করার নিয়ম

(i) Verb এর শেষে ch,o,s,sh,x,z থাকলে es যোগ করতে হয়।
**যথা :-** Catches, Goes, Mixes, Misses, Buzzes.
(ii) Verb এর শেষে (…..Consonant +y) থাকলে y উঠে গিয়েies যোগ করতে হয়।
**যথা :-** Carry-Carries, Fry-Fries, Copy-Copies.
(iii) অন্যান্য সকল ক্ষেত্রেs যোগ করতে হয়।
**যথা :-** Takes, Picks, Books, Rises.

**বিশেষ লক্ষণীয় :-** do not/does not/is not/are not কোথায় বসে তা নিয়ে সংশয় থাকে। জেনে রাখুন-উক্ত চিহ্নগুলো থাকলে noun এর পূর্বে notএবং pronoun এর পরে not বসে। আবার এই চিহ্নগুলির short form(don’t/isn’t/won’t)ইত্যাদি থাকলে পুরোটাই Noun/Pronoun/Subject এর পূর্বে বসে।

**যেমন :-** (i) Don’t you play Cricket? (তুমি কি ক্রিকেট খেল না?)
(ii) Doesn’t Tahsin like novel book? (তাহিসিন কি নোবেল বই পছন্দ করে না?)

**ব্যাখ্যা :** প্রথম বাক্যে (You) Subject এর পূর্বেDon’t বসেছে ২য় বাক্যে ‘‘Tahsin” এর পূর্বে Doesn’t বসেছে।

## **শব্দ (word) দেখে Present Indefinite Tense চেনার উপায়**

## মনে রাখার কৌশল = (OUR GARDENS)

O= Often (প্রায়ই, খুবই নিয়মিত), Occasionally(মাঝে মঝে নিয়মিত নয়), U=Usually(সাধারণত)
R= Regularly(নিয়মিত) G= Generally (সাধারণত), A=Always(সর্বদা), R= Regularly(নিয়মিত), D= Daily(দৈনিক), E= Everyday(প্রতিদিন), N= Normally(সাধারণত), S= Sometimes(মাঝে মাঝে) ইত্যাদি শব্দগুলো কোন বাক্য থাকলে তা Present Indefinite Tense হয়

**যেমন :**
(i) He usually gets up at 6.00 am. (সাধারণত সে সকাল ছয়টায় ঘুম থেকে উঠে)
(ii) He studies the Quran regularly. (সে নিয়মিত কোরআন অধ্যায়ন করে)

**Note :-** এগুলো আবার অভ্যাসগত কর্ম বা বুঝায় (Habitual fact) বুঝায়।

## **চিরন্তন সত্য যখন (Present Indefinite Tense)**

(i) (বরফ পানিতে ভাসে) - Ice floats on water.
(ii) (মানুষ মরণশীল) - Man is Mortal.
(iii) (পৃথিবী সূর্যের চারদিকে ঘুরে) - The earth moves round The Sun.

## **ঐতিহাসিক সত্য (Historical Truth)টি Present Indefinite Tenseহয়**

(i) শাহজাহান তাজমহল তৈরি করেন-Shahjahan builds The Taj Mahal.
(ii) সক্রেটিস তার শীর্ষদের নৈতিকতা শিক্ষা দিতেন - Socrates teaches his disciples.

## **নিকট ভবিষ্যৎ (Near Future)টি Present Indefinite Tenseহয়**

(i) সে আগামীকাল আসবে-He comes tomorrow.
(ii) আমাদের স্কুল ১০ তারিখ খুলবে - Our School Opens on the 10th.

**ব্যাখ্যা :-** **উপরের বাক্যগুলো দ্বারা নিকট ভবিষ্যৎ বা কোন ঘটনাকে বুঝানো হয়েছে। এই জন্য এই জাতীয় বাক্যগুলো** Present

Indefinite Tense.
*** Imperative Sentence ও Optative Sentence**সবসময়** Present Indefinite Tense**হয়**।

(i) Let it. (ii) Let it be done.

(ii)May you be happy.

## **Present Continuous Tense**

**সংজ্ঞা :-** বর্তমানে কোন কাজ চলছে (Non-stop বা অবিরাম গতিতে) এমন বুঝালে Verb এর Present Continuous Tense হয়।

**সহজে বুঝার উপায়:** বাক্যের শেষের মূল শব্দের সাথে তে, ছি, ছ, ছে, ছেন **যুক্ত** থাকলেই এই Present Continuous → Tense বুঝাবে।

**Structure :-**

(i) Sub + am/is/are + (verb +ing) + others.

(ii) Sub + am/is/are + being + …………….others.

**Exam :-1**

(i) **আমি ইংরেজী পড়িতেছি** = I am reading English.

(ii) তারা ক্রিকেট খেলতেছে = Theyare playing Cricket.

(iii) সে কাজটি করিতেছে = He is doingThe work.

**ব্যাখ্যা :-** উপরের তিনটি উদাহরণই যথাক্রমেSub + (I, They, He) + A.V (am, is, are) + M.V এর সাথেing যুক্ত করে Present Continuous Tenseগঠন করা হয়েছে।

**Exam :-2**

(i) আমি একজন ভাল ছাত্র হচ্ছি = I am being a good student.

(ii) সে ধনী হচ্ছে = He is being rich.

**Note :-** am, is, are থাকলেই যে Present Continuous Tense হয় না তার ব্যাখ্যাসহ উদাহরণ Present Indefinite Tenseএ আলোচনা করা হয়েছে ইতোমধ্যে।

## **Continuous Tense নিয়ে গোলক ধাঁধা**

(i) I am seeing a bird. (আমি একটি পাখি দেখিতেছি)

(ii) I am feeling you. (আমি তোমাকে অনুভব করছি)

(iii) He is believing me. (সে আমাকে বিশ্বাস করতেছে)

**ব্যাখ্যা :-** কি? দ্বন্দ লেগে গেছে, কি ভাবতেছেন? এগুলোPresent Continuous Tenseভুল ধারণা। কারণ উপরের তিনটি বাক্যে verb যথাক্রমে seeing, feeling, believing এর সাথে কখনো ing যুক্ত হয় না। এগুলো মূলত ভূল বাক্যে।

## নিচের verb গুলির সাথে Present Continuous ব্যবহৃত হয় না অর্থাৎ ing যুক্ত হয় না

like, love, want, mean, believe, forget, need, hate, prefer, know, understand, depend, remember, feel, see, hear, smell, notice, observe, desire, dislike, fear, hate, want, mind, care, prescribe, wish, adore, appreciate, value, care for, detest, belong, own, possess, think, realize, expect, recollect, recall, trust, may, shall, will, can, must etc.

## **আরো কিছু গোলক ধাঁধা**

(i) **এটা খুবই আশ্চার্যজনক** = It is amazing.

(ii) তারা মনোমুগ্ধকর = They are charming.

(iii) এটা আকর্ষণীয় = It is interesting.

**ব্যাখ্যা :-** উপরের sentence গুলো Present Continuous Tense মনে হলেও মূলতPresent IndefiniteTense তারা কেননা ''amazing, charming, interesting'' এই শব্দগুলো জন্ম থেকেই ingযুক্তAdjective।

**আরো কিছু গঠন ঃ-**

**1. Affirmative(হাঁ বোধক) :** Sub + am/is/are + (v+ing) + others.

(i) He is taking tea = (সে চা পান করছে)

**2. Negative(না বোধক) :** Sub + am not/is not/are not + (v+ing) + others.

(i) He is not taking tea = (সে চা পান করছে না)

**3. Interrogative(প্রশ্নবোধক) :** am/is/are +Sub +মূল verb+ing + others.

(i) Ishe taking tea? = (সে কি চা পান করছে?)

**4.Negative -Interrogative:** am not/is not/are not +Sub +(verb+ing) + others.

(i) Isn'the taking tea = (সে কি চা পান করছে না?)

## **Word দেখে Present Continuous Tense চেনার উপায়**

Now, at this moment, at this time, at present/moment, right now, currently, day by day, this season, but today etc.

**যেমন :**

(i) Tahsin and himu are watching Tvnow. = (তাহসিন এবং হিমু এখন টিভি দেখতেছে।)

(ii) Why the baby is crying at this moment? = (কেন এই মুহূর্তে শিশুটি কাঁদছে?)

**ব্যাখ্যা :-** উপরের ২টি বাক্যে যথাক্রমে now, at this moment শব্দগুলি থাকায় Present Continuous Tense হয়েছে।

## **Present Perfect Tense**

**সংজ্ঞা :-** এইমাত্র/বর্তমানে কোন কাজ শেষ হয়েছে কিন্তু তার ফলাফল এখনও বিদ্যমান বা লক্ষণীয় এরুপ বোঝালেPresent Perfect Tense হয়।

**সহজে বুঝার উপায়:** --> বাংলা বাক্যের শেষের মূল শব্দের সাথে ইয়া+ছি, ছ, ছে, ছেন **যুক্ত** থাকলেই এই Present Perfect Tense বুঝাতে হবে।

**বাস্তবতা লক্ষ্য করুন:-**

(i) আমি সিনেমাটি দেখেছি।

(ii) আমি পানি খেয়েছি।

**ব্যাখ্যা :-** প্রথম বাক্যে, সিনেমা দেখা শেষ, কিন্তু সিনেমা দেখার অনুভূতি আমার ভেতরে বিদ্যমান বা থেকে গেছে। দ্বিতীয় বাক্যে, পানি খাওয়া শেষ, কিন্তু পানি খাওয়ার পর আর কোন তৃঞ্চা নেই এমন অনুভূতি বিদ্যমান বা লক্ষণীয়। আর এভাবে কাজ শেষহওয়া এবং ফল থেকে যাওয়া বুঝালে বাক্যটি Present Perfect Tense ভাবতে হবে।

## **Word দেখে Present Perfect Tense চেনার উপায়**

**মনে রাখার কৌশল (শব্দ দেখে) AJJRAYLE (আজরাইল)**

(A= already, J= just, just now, R= recently, A= Already, Y= Yet, L= Lately, E= Ever,)
already, just, just now, get, never, ever, lately, recently, since, yet, till now, for, so far ইত্যাদি word গুলোsentence এ থাকলে ঐsentenceটি Present Perfect Tense হয়।

**Structure :-**

(i) Sub + have/has + $V_3$ + others.

(ii) Sub + have/has + been + …………….others.

**Exam :-1**

(i) **আমি কাজ করেছি** = I have done the work.

(ii) সে রংপুরে গিয়েছে = He has gone to Rangpur.

(iii) তারা ক্রিকেট খেলছে = Theyhave played cricket.

**ব্যাখ্যা :-** উপরের তিনটি উদাহরণই যথাক্রমে কোন সমস্যা নেই এগুলো যথা নিয়মেই অর্থাৎSub+ have/has +$V_3$ + others নিয়মেই বসেছে।

**Exam :-2**

(i) **সে অনেক ধনী হয়েছে** = He has been very rich.

(ii) আপনি বেশ সুন্দও হয়েছেন = You<u>have been</u> handsome.
(iii) চিঠটা লেখা হয়েছে = The letter <u>has been written</u>.

**ব্যাখ্যা :-** একটু সমস্যা মনে হচ্ছে কারণ have এর পরbeen থাকার পরেও Present Perfect Tense কেন। কারণ have/ has been + extension থাকলেPresent Perfect আর have/has been + (v + ing) থাকালেPresent Perfect Continuous Tense হবে।

## **আরও কিছু Structure**

**1. Affirmative(হাঁ বোধক) :** Sub + have/has + $V_3$ + others.
(i) We have achieved Independence = (আমরা স্বাধীনতা অর্জন করেছি)
**2. Negative (না বোধক) :** Sub + haven’t/hasn’t + $V_3$ + others.
(i) We haven’t achieved Independence = (আমরা স্বাধীনতা অর্জন করি নাই)
**3. Interrogative (প্রশ্নবোধক) :** have/has +Sub +$V_3$+ others.
(i) Havewe achieved Independence? = (আমরা কি স্বাধীনতা অর্জন করেছি?)
**4.Negative -Interrogative :** haven’t/hasn’t +Sub +$V_3$ + others.
(i) Haven’t we achieved Independence? = (আমরা কি স্বাধীনতা অর্জন করি নাই?)

## **মনে রাখুন**

(i) 3PSN (He, She, It কোন কিছুর নাম) এর পর has বসে অন্যান্যperson এর পরে have বসে। আবার have/has থাকলেই Present Perfect Tense বলা যাবেনা।
(ii) Have/has এরপর ‘‘$V_3$”থাকলে Present Perfect Tense হবে।
(iii) Have/has এর পওে ‘‘other” থাকলে অর্থাৎ কোন বাক্যে have/has main verb হিসেবে থাকলে সেটাPresent Indefinite Tenseহয়।

## **Already এর ব্যবহার**

1. Subject + have/has + already(affirmative) + V.P.P….
(হ্যাঁ বোধক বাক্যে মূল verb এর আগেalready বসে)

**Exam :-1**
(i) We have already written our reports = (আমরা ইতোমধ্যে আমাদের রিপোর্ট লেখেছি)
(ii) He has already done the work = (তিনি ইতোমধ্যে কাজ শেষ করেছেন)

## **Yet এর ব্যবহার**

1. Subject + have/has not + V.P.P. + obj + yet.
(না বোধক বাক্যের শেষেYet বসে)

**Exam :** (i) We have already written our reports = (আমরা এখনও আমাদের প্রতিবেদন লেখিনি)

2. Subject + have/has + yet + to + Verb
(Infinitiveএর আগেyet বসে)

**Exam :** (i) Jhon has yet <u>**to learn**</u> the material = (জন এখনও উপাদান শিখতে পারিনি)

**Note :-** have/has এর পরে yet বসতে পারে। তবে yetএর পরে to +verbহবে।

## **Present PerfectContinuous Tense**

**<u>সংজ্ঞা</u> :-** কোন কাজ পূর্ব থেকে আরম্ভ/শুরু হয়ে এখনও চলছে কিংবা কোন সময় ধওে বা থেকে হচ্ছে এ সকল ধরণের বাক্যকে Present Perfect ContinuousTense বুঝায়।

**<u>সহজে বুঝার উপায়</u>:** বাক্যের মধ্যে যাবৎ/ধরে/হতে/থেকে উল্লেখ সহ শেষের মূল শব্দের সাথে তে+ছি, ছ, ছে, ছেন যুক্ত থাকলেই Present Perfect Continuous Tense কে বুঝায়।

**Word দেখে Tense এই চেনার উপায় ঃ- For Since থাকবে।**

দুইটি বাক্য লক্ষ কর ঃ-

(i) সকাল থেকে বৃষ্টি হচ্ছে।
(ii) চার ঘন্টা যাবৎ তারা কাজ করতেছে।

**ব্যাখ্যা :-** প্রথম বাক্য, কাজটি শুরু হয় অতীত/পূর্ব সময় সকালে এবং বৃষ্টি এখনও চলমান।
দ্বিতীয় বাক্য, চার ঘন্টা পূর্বে কাজটি শুরু করে চার ঘন্টা ধরে এখনও চলমান অর্থাৎ এইভাবে কোন কাজ অতীতে সময়ে শুরু হয়ে বর্তমানে চলমান বোঝালে তাকে Present Perfect Continuous Tense কে বুঝায়।

**Structure :-**
(i) Sub + have been/has been + (v+ing) + others.

**Exam :-1**
(i) আমি দুই দিন ধরে কাজটি করিতেছি =I have been doing the work for two days.
(ii) সকাল থেকে বৃষ্টি হচ্ছে = It has been raining since morning.

**Note :-**(i) যাবৎ, ধরে অর্থে for বসে এবং হতে, থেকে অর্থেএর পরে Sinceবসে।
(ii) I, you, we এবং 3rd person pluralএর পরhave beenবসে।
(iii) 3PSN এর সাথে has beenবসে।

## **Since ও forএর ব্যবহার**

অঙ্ক (digit) + সময়ের একক এর পূর্বে for বসে এবং সময়ের নামের পূর্বে Since বসে।

| for+ অঙ্ক(digit) + সময়ের একক | Since + সময়ের নাম |
|---|---|
| Hour (২৪ ঘন্টার কমন নাম/একক) | 2am, 8am, 10am, 12am, 4pm, 6pm,10pm, (এরুপ ২৪ ঘন্টার সময়ের নাম আছে) |
| Day (৭ দিনের কমন নাম/একক) | Saturday, Sunday, Monday, Tuesday, Wednesday, Thursday, Friday.(৭ দিনের নাম) |
| Month (১২ মাসের কমন নাম/একক) | January, February, March, April, May, June, July, August, September, October, November, December. (১২ মসের নাম) |
| Year (বছর গুলোর কমন নাম/একক) | 1992, 1995, 2001, 2005, 2009, 2011. (এরুপ অনেক বছরের নাম আছে) |
| **Example :**for two hours, for three days, for four months, for five years etc. | Morning, Afternoon, Evening |
| | **Example :**Since 2am, Since 5pm, Since Monday, Since April, Since 1992, Since Morning etc. |

## **গোলক ধাধা গুলো মনে রাখুন**

1. have been/has been + verb + ing হলে = Present Perfect Continuous Tenseহবে।
2. have been/has been + others হলে =Present Perfect Tenseহবে।

**Note :-**এনিয়ে বিস্তারিত ব্যাখ্যাসহ আলোচনা করা হয়েছে।

**The last day/The last week/The last month/The last year/ইত্যাদির পূর্বে Forবসে/last day/last week/last month/last year ইত্যাদির পূর্বে Sinceবসে।

1. Since + শুধু Last (day/week/month/year/decadeইত্যাদি)
2. For +The Last (day/week/month/year/decade ইত্যাদি)

**যেমন:**

(i) He was absent since last week.
(ii) He was absent for last year.

**ব্যাখ্যা:** প্রথম বাক্যে Last এর পূর্বে ‘‘The” নেই তাই Since ও দ্বিতীয় বাক্যেLast এর পূর্বে ‘‘The” থাকায় For বসেছে।

# **Past Indefinite Tense**

**সংজ্ঞা:** অতীতকালে কোন কাজ ঘটেছিল বা হয়েছিল এবং যে কাজের ফল এখন আর বর্তমানে নেই এরুপ বোঝালে Past Indefinite Tenseহয়।

**সহজে বুঝার উপায়:** কোন বাংলা বাক্যের শেষে ছিল,ছিলা,ছিলে,ছিলেন,ছিলাম,তাম,তে,তেন এমন কিছু যুক্তথাকলেই Past IndefiniteTense কে বুঝায়।

## **Word দেখে Past Indefinite Tense চেনার উপায়**

YOLALA = Yesterday, ago, long ago, long since, last, last night, last week, last year, as soon as, past, before
as if, it is time, back, it is high time, wish, fancy ইত্যাদি থাকলে এই Tense হবে।

**Structure:**

(i) Sub + verb **এর** past form($v_2$) + others.
(ii) Sub + was/were + …………….others.
(iii) Sub + had + …………… others.

**Note :-**(i) Structure ‘‘2 এবং 3’’দেখে কি একটু খটকা লেগে গেলো? নিচে আমরা ব্যাখ্যাসহ উদাহরণ আলোচনা করব।

**Exam:-1**

(i) আমি কাজ করেছিলাম =I did the work.
(ii) সে আমাকে মোবাইল দিয়েছিল = He gave me mobile.

**ব্যাখ্যা:** উপরের **২**টি Sentenceএ did, gaveযথাক্রমে past form বা $v_2$এ ব্যবহৃত হয়েছে সাধারন নিয়ম অনুযায়ী।

**Exam:-2**

(i) আমি একজন ছাত্র ছিলাম =I was a student.
(ii) সে ধনী ছিল = He was rich.
(iii) আমার একটি গাড়ী ছিল = I had a car.

**ব্যাখ্যা:** সাধারণত was/wereএর পর v+ingহওয়ার কথা কিন্তু না হয়ে Past Indefinite এ ব্যবহৃত হয়েছে কারণ হল was/were/hadকোন বাক্যে main verb হিসেবে ব্যবহৃত হলে তাPast Continuous না হয়ে Past Indefinite Tense হয়ে যায়

## **মনে রাখুন**

(i) ‘‘ $V_2$’’বা verb এর past tenseমানেই Past Indefinite Tense।
(ii) was/were/had কোনSentence এ main verb হিসেবে কাজ করলে তা Past Indefinite হয়ে যাবে।
(iii) ‘‘ Did ’’ব্যবহার করলে পরবর্তীতেVerb এর past form**হয় না। কারণ একই বাক্যে দুইটি**verbএর past form কখনোই হয় না।
(iv) used to +$v_1$হয় কিন্তুbe verb/get +used to +v+ingহয়।

## **আরো কিছু Structure **

**1. Affirmative(হাঁ বোধক) :** Sub + $V_2$ + others.
(i) (আমরা স্বাধীনতা অর্জন করেছি) =Raju phoned me.

**2. Negative (না বোধক) :**Sub + didn’t + $V_1$ + others.
(i) (রাজু আমাকে ফোন করেনি) =Raju did not phone me.

**3. Interrogative (প্রশ্নবোধক) :**Did +Sub +$V_1$ + others.
(i) (রাজু কি আমাকে ফোন করেছিল?) =Did Raju phone me?

**4.Negative -Interrogative :**Didn’t +Sub +$V_1$ + others.
(i) (রাজু কি আমাকে ফোন করেনি?) =Didn’t Raju phone me?

****//**অতীত কালের অনিয়মিত অভ্যাস বুঝাতে Used toবাWould ব্যবহৃত হয়।

**Structure :-**Sub + used to/would + $v_1$ + others.

(i) (তাহসিন গাছে পানি দিত) =Tahsin used to/would water The tress.

(ii) (রাজু কাঠোর পরিশ্রম করত) =Raju used to/would study hard.

**ব্যাখ্যা :-** এই দুটি বাক্যের দ্বারা অনিয়মিত বা মাঝে মঝে করা হতো এমন অভ্যাসকে বোঝাচ্ছে।

**//অতীতের দিন, তারিখ বা বছর থাকলে Past Indefinite Tense হবে।

(i)Mr hafizwas found this factory in 1992. = (মি হাফিজ ১৯৯২সালে এই কারখানাটি প্রতিষ্ঠিত করেছিল)

(ii) This book was first published in 1995. = (বইটি ১৯৯৫সালে প্রকাশিত হয়েছিল)

## **Past Continuous Tense**

**সংজ্ঞা:** অতীতকালে কোন কাজ চলতেছিল বা হইতেছিল এরকম কোন কাজ অবিরাম (non-stop) ভাবে বুঝালে Past Continuous Tense হয়।

**সহজে বুঝার উপায়:** বাংলা বাক্যের শেষে “ছিলাম,তেছিলাম,ছিলে,তেছিলে,ছিলেন” যুক্ত থকালে Past Continuous Tense হয়।

Word **দেখে** Tense **এই চেনার উপায় ঃ-** at the moment, at the time, then **থাকবে।**

**Structure:**

(i) Sub + was/were + (v+ing) + others.

(ii) Sub + was/were + being + others.

**Exam:-1**

(i) আমি ইংরেজী পড়িতেছিলাম = I was reading English.

(ii) তারা ক্রিকেট খেলতেছিল = They were playing Cricket.

(iii) আমি একজন ভাল ছাত্র হচ্ছিলাম = I was being a good student

(iv) সে ধনী হচ্ছিল = He was being rich.

**ব্যাখ্যা:** ওপরের বাক্যগুলো Past Continuous Tense এর সচারচর নিয়মের মাধ্যমেই গঠন হয়েছে।

## **মনে রাখুন**

(i) was/were+(v+ing) থাকলে past continuousহয়।

(ii) was/were+others থাকলেPast Indefinite হয়ে যাবে।

**Note:** এ বিষয়ে ইতিমধ্যেব্যাখ্যাসহ আলোচনা করা হয়েছেPast Indefinite Tenseএ।

বাস্তবতা:

(i) 3rd person Singular এবং ‘I’এরপর wasবসে।

(ii) was/were+others থাকলেPast Indefinite হয়ে যাবে।

(iii) was/were থাকলেPast Continuous Tense হয় না।

## **আরো কিছুStructure **

**1. Affirmative (হাঁ বোধক):** Sub + was/were + (v+ing) + others.

(i) (রাজু আমাকে ডাকছিল) =Raju was calling me.

**2. Negative (না বোধক):** Sub + wasn’t/weren’t + (v+ing) + others.

(i) (রাজু আমাকে ডাকছিল না) =Raju wasn’t calling me.

**3. Interrogative (প্রশ্নবোধক):** was/were +Sub +(v+ing) + others.

(i) (রাজু কি আমাকে ডাকছিল?) =Was raju calling me?

**4.Negative -Interrogative:** wasn’t/weren’t +Sub +(v+ing) + others.

(i) (রাজু কি আমাকে ডাকছিল না?) =Wasn’t raju calling me?

**5. When/While + Past Indefinite + (`) + Past Continuous.**

(i) When she returned home, it was raining = (যখন সে বাড়ী ফিরেছিল, তখন বৃষ্টি হচ্ছে।)

**ব্যাখ্যা ঃ-** When/While এর প্রথম অংশPast Indefinite হলে পরের অংশ Past Continuous Tense হবে।

**6.When/While + Past Continuous + (`) + Past Continuous.**

(i) When she was returning home, it was raining= (যখন সে বাড়ি ফিরতেছিল, তখনও বৃষ্টি হইতেছিল।)

**ব্যাখ্যা:** When/While দ্বারা বাক্যের প্রথম অংশPast Continuous Tense হলে পরের অংশ Past Continuous Tenseহয়।

## **Past Perfect Tense**

**সংজ্ঞা:** অতীতকালে দুইটি কাজ সংঘটিত হয়। এর মধ্যে একটি কাজ আগে শেষ হয় এবং অপর কাজটি পরে শেষ হয়। এরুপ বোঝালে যে কাজটি আগে শেষ হয় তাকে Past Perfect Tenseকরতে হয় এবং সেই কাজটি পরে শেষ হয় সেটিকেPast Indefinite Tenseকরতে হয়।

**এভাবেও বলা যায়:**অতীতে সংঘটিত দুটি কাজের মধ্যে যে কাজটি পূর্বে হয়েছিল তা Past Perfect Tense(Sub +had + $v_3$ + Ext)হয় এবং পরের কাজটি Past IndefiniteTense(Sub +$V_2$+Ext) হয়।

**Note :-**After বাBefore ব্যবহার করে সাধারণত উপরোক্ত দুটি Tense কে একত্রে যুক্ত করা হয়।

| পূর্বে | | পরে |
|---|---|---|
| Past Perfect Tense<br>আগে হওয়ার কাজ | Before | Past Indefinite Tense<br>পরে হওয়ার কাজ |
| Past Indefinite Tense<br>পরে হওয়ার কাজ | After | Past Perfect Tense<br>আগে হওয়ার কাজ |

**মনে রাখুন:**Before অর্থ পূর্বে তাই Before এর পূর্বে had যুক্ত Tense বসে। আর After অর্থ পরে তাই After এর পরে had যুক্তTense বসে।

**Structure:**

(i) Sub + had +$V_3$+ others.

**Exam:-1**

(i) আমি কাজটি করেছিলাম = I had doneThe work.

(ii) সে রংপুরে গিয়েছিল = He had gone to Rangpur.

আরো কিছু **Structure:**

(i) Sub + had +$V_3$+ before + Past Indefinite.

(ii) Past Indefinite + after + Sub +had + $V_3$.

**Exam :-1**

(i) ডাক্তার আসার পূর্বে রোগীটি মারা গেল = The patient had died before The doctor came.

**ব্যাখ্যা:** আগে রোগীটি মারা গেল তাই নিয়ম অনুযায়ী প্রথম বাক্যটি Past Perfect Tense হয়েছে এবং তার পর ডাক্তার আসল। তাই নিয়ম অনুযায়ীBefore এর পরের বাক্যটিPast Indefinite হয়েছে।

(ii) ডাক্তার আসিবার পরে রোগীটি মারা গেল = The patient died after The doctor had came.

**ব্যাখ্যাঃ**আগে ডাক্তার আসল তাই নিয়ম অনুযায়ী প্রথম বাক্যটি Past Perfect TenseকরেAfter এর পরেবসাতে হবে এবং তার পরে রোগীটি মারা গেল। তাই নিয়ম অনুসারে শেষের বাক্যটি After এর পূর্বে বসিয়েPast IndefiniteTense করা হয়েছে।

(iii) আমি পৌছানোর পর সকলে স্বাগত জানিয়েছে = All welcomed me after I had reached.

**Structure:**

(i) No Sooner had + Sub +$V_3$ + Than + Past Indefinite.

(ii) Scarcely/Hardly/Barely + had +Sub + $V_3$+ when + Past Indefinite Tense

**Exam :-1**

(i) No Sooner had The teacher entered The Classroom Than all the student stood up.
(শিক্ষক ক্লাসে প্রবেশ করতে না করতেই সকল ছাত্র-ছাত্রী দড়িঁয়েছিল।)

(ii) Hardly had The teacher entered The Classroom when all the students stood up.
(উপরে অর্থাৎ আর এই বাক্যের অর্থ একই )

## **Past Perfect Continuous Tense**

**সংজ্ঞা:** অতীতে কোন একটি কাজের পূর্বে বা পরে অন্য আরেকটি কাজ কিছু সময় ধরে চলছিল এমন বোঝালে। সেই কাজটি কিছু সময় ধরে চলছিল তা Past Perfect ContinuousTense এবং **অন্যটি**Past Indefinite Tense।

**সহজে বুঝার উপায়:** যাবৎ ধরে, হতে, থেকে, উল্লেখ সহ শেষের মূল শব্দের সাথে + ছিল,ছিলা,ছিলে,ছিলেন,ছিলাম যুক্ত থাকবে।

Word **দেখে** Tense **এই চেনার উপায় ঃ-** Before, After **থাকবে।**

(i) Past Perfect tense এর মতPast Perfect Continuous tense এ Before এবংAfterব্যবহার করা হয়। তবে এর ব্যবহার বেশি হয়। আবার এই Tense টি Before/After দিয়ে দুটি বাক্য যুক্ত না হয়ে, একটিও হতে পারে।

**Structure:**

(i) Sub + had been + (v+ing) + others.

**Exam:-1**

(i) আমি দুইদিন ধরে কাজটি করতেছিলাম = I had been doing The work for two days.

(ii) সকাল থেকে বৃষ্টি হচ্ছিল = It had been raining since morning.

## **Future Indefinite Tense**

সংজ্ঞা :-ভবিষ্যতে/আগামিতে কোন কাজ সম্পন্ন হবে বুঝাতে Future Indefinite Tense বুঝায়।

**সহজে বুঝার উপায়:** বাংলা বাক্যের শেষে বো, বি, বেন, ব, ইত্যাদি এবং Tomorrow, Next week/Year Cumming, ensuring ইত্যাদি Word সংযুক্ত থাকলেFuture Indefinite Tense কে ভাবতে হবে।

**Structure :**

(i) Sub + shall/will + $V_1$+ others.

**Exam :-1**

(i) আমি কাজটি করব = I Shall do The work.

(ii) তারা স্কুলে যাবে = They will go to School.

(iii) সে যথা সময়ে কাজটি শেষ করবে = He will finish The work on time.

## **আরো কিছু Structure **

1. Affirmative (হাঁ বোধক) : Sub + will + $v_1$ + others.

(i) (আমরা কিছু খাবার কিনব) =We will buy some food.

**Note :-**Shall এর ব্যবহার নেই বললেই চলে।

2. Negative (না বোধক) :Sub + won't + $v_1$ + others.

(i) (আমরা কিছু খাবার কিনব না) =We won't buy some food.

3. Interrogative (প্রশ্নবোধক) :Will +Sub +$v_1$ + others.

(i) (আমার কি কিছু খাবার কিনব?) =Will we buy some food?

## **Future Indefinite Tense এর আরো কিছু Structure **

1. Sub + shall be/will be+others.
2. Sub + shall have/will have + others.

**Exam :-2**

(i) (আমি ডাক্তার হইব) =I shall be a doctor.

(ii) (সে ধনী হইবে) =He will be rich.

ব্যাখ্যা ঃ- কি? একটু খটকা লেগে গেলো? লাগার কারণ নেই। কারণ shall be/will be এখানেverb হিসেবে কাজ করছে আর shall be/will be এর পর(verb+ing)নেই তাই এটি Future Indefinite Tenseআর(ing)থাকলেFuture Continuous Tenseহইত।

(i) (তার একটি চমৎকার মোবাইল ফোন থাকবে) =He will have a nice mobile phone.

(ii) (আমাদের অনেক টাকা থাকবে) =He will have huge money.

**ব্যাখ্যাঃ-** কি ভাবছেন? Sentence গুলিFuture Perfect মোটেই না। তাহলে এখানে will have, main verb হিসেবে

হিসেবে কাজ করছে এবং তাদের পরে ($V_3$)থাকলে নেই।

## **মনে রাখতে হবে**

(i) shall/will এর পর ($V_1$)হয়।

(ii) I/We এর পরshall বসে will যে কোন person এর পরে বসানো যায়। তবেwill ব্যবহার করা শ্রেয়।

## **Future ContinuousTense**

**সংজ্ঞা:** ভবিষ্যতে কোন কাজ চলতে থাকবে (Non Stop) এমন বোঝাতে Verb এর Future Continuous Tense হয়। বাংলা বাক্যের শেষে - তে থাকবো, তে থাকবে, তে থাকবেন ইত্যাদি।

**Structure :**

(i) Sub + shall be/will be + (V+ing)+ others.

**Exam :-1**

(i) আমি ইংরেজী পড়তে থাকব = I Shall be reading English.

(ii) সে কাজটি করতে থাকবে = He will be doing The work.

(iii) সে ভাত রান্না করতে থাকবে = She will be Cooking rice.

## **আরো কিছু Structure **

**1. Affirmative(হাঁ বোধক) :** Sub + Shall be/will be + (V+ ing) + others.

(i) (সে একটি উপন্যাস পড়তে থাকবে) =We will be reading a novel.

**2. Negative (না বোধক) :** Sub + Shall not be/ will not be+ (V+ ing) + others.

(i) (সে একটি উপন্যাস পড়তে থাকবে না) =He won’t be reading a novel.

**3. Interrogative (প্রশ্নবোধক) :** Shall/Will +Sub +be +(V+ ing) + others

(i) (সে কি একটি উপন্যাস পড়তে থাকবে?) =Will he be reading novel?

## **মনে রাখতে হবে**

(i) shall be/will be কে Compound auxiliary verbবলা হয়। এদের কে Negative করতে not কে মাঝে বসাতে ঘয় Shall not be/ will not be।

(ii) কোন sentenceএ শুধুShall be, Will beথাকে তবে তা Future Indefinite Tenseহয়। কারণ ঐ বাক্যে Main verbহয় ‘‘be’’।

## **Future Perfect Tense**

সংজ্ঞা :-ভবিষ্যতে কোন একটি কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে এরুপ বোঝালে Future Perfect Tense হয়। By This Time, by time, by morning/Sunday/O,Clock ইত্যাদি থাকতে পারে।

**এভাবেও বলা যায়:** ভবিষ্যতে সংঘটিত হবে এমন দুটি কাজের মধ্যে যে কাজটি পূর্বে হবে সেটি Future Perfect Tense (Sub +shall have/will have + $V_3$+ others)হয় এবং যে কাজটি পরে হবে সেটি Future IndefiniteTense/ Present Indefinite Tense হয়।

**Structure:**

(i) Sub + shall have/will have + $V_3$+others.

**Exam :-1**

(i) আমরা একটি নতুন বাড়ী কিনিয়া থাকব = We shall have brought a new phone.

(ii) সে কাজটি করিয়া থাকবে = He will have done The work.

(iii) তারা কিক্রেট খেলিয়া থাকবে = They will have played Cricket.

## **আরো কিছুStructure **

**1. Affirmative (হাঁ বোধক):** Sub + Shall have/Will have + $V_3$+ others.

(i) (সে ২০২৩ সালের মধ্যে একটি গাড়ি কিনে ফেলবে) =She will have bought a car by 2023.

**2. Negative (না বোধক):** Sub + Won't have+ $V_3$ + others.

(i) (সে ২০২৩ সালের মধ্যে একটি গাড়ি কিনে ফেলবে না) =She won't have bought a car by 2023.

**3. Interrogative (প্রশ্নবোধক):** Will +Sub +have +$V_3$+ others

(i) (সে কি ২০২৩ সালের মধ্যে একটি গাড়ী কিনে ফেলবে?) =Will She have bought a car by 2023?

**4. Negative -Interrogative (প্রশ্নবোধক):** Won't +Sub +have +$V_3$+ others

(i) (সে কি ২০২৩ সালের মধ্যে একটি গাড়ী কিনে ফেলবে না?) =Won't She have bought a car by 2023?

## **Future Perfect Continuous Tense**

**সংজ্ঞা:-** ভবিষ্যতে কোন একটি কাজ শুরু হবে কিন্তু তার পূর্বে মুহূর্ত পর্যন্ত আরেকটি কাজ চলতে থাকবে। এরুপ বোঝালে যেই কাজটি চলমান থাকবে সেটি Future Perfect Continuous Tense এবং **অন্যটি**Future Indefinite/Present Indefinite Tense হবে।

**বাংলা ক্রিয়ার শেষে:** তে থাকিব, তে থাকিবে, তেথাকিবেন এবং বাক্যের মাঝে ধরিয়া, যাবৎ, হইতে থেকে অর্থাৎ কোন সময়ের উল্লেখ থাকলে Future Perfect Continuous Tense হয়।

**Structure:**

(i) Sub + Shall have been/will have been + (v+ing) + others +Since/for +সময়।

**Exam :-1**

(i) আমি দুই ঘন্টা যাবৎ একটি বই পড়িতে থাকিব = I Shall have been reading a book for two hours.

(ii) হিমু দুপুর থেকে ঘুমিয়ে থাকিবে = Himu will have been sleeping since morning.

(iii) সকাল হইতে মুষলধারে বৃষ্টি হইতে থাকিবে = It will have been raining cats and dogs since mornings .

## **আরো কিছু উদাহরণ ও ব্যাখ্যা**

**1. She has been ill _ Friday.**[গত শুক্রবার হতে সে অসুস্থ]

(a) from (b) on (c) in (d)since (d)

ব্যাখ্যা ঃ- নির্দিষ্ট সময়ের পূর্বে Since বসে। যেমন : Since Monday, January, 12.00 am ইত্যাদি।

**2. He has been ill _ Friday Last.**

(a) from (b) on (c) in (d)since Ans.D

ব্যাখ্যা ঃ- উপরের বাক্যের গঠন Sub+have/has+$V_3$+since/for +time.মনে রাখুন-since/for +timeথাকলে Perfect Continuous Tense এর গঠন Sub+have/has+ been +(v+ing) + obj.+ Since/for +time হয়। কিন্তু non Continuous verb(be/have/feel/tast/appear etc.)থাকলে বাক্যটি Sub+have/has+$V_3$+since/for+time-এই গঠনে লেখা হয়।

**3. He _ abroad for ten years before he settled down in Bangladesh.**

(a) has worked (b) had worked (c) worked (d)would work Ans.B

ব্যাখ্যা ঃ- Subject +had + $V_3$+ object + before +Subject +$V_2$+Object অনুসারে সঠিক অপশন (b)।

বাক্যের অর্থ ঃ তারা বাংলাদেশে বাস করার পূর্বে বিদেশে ১০ বছর কাজ করেছিল।

**4. The tense of verb is related to-.**

(a) time (b) person (c) place (d)degree Ans.A

ব্যাখ্যা ঃ- ``Tense`` মানেই "সময়" এই জন্য tenseসর্বদাইtime বা সময় এর সাথে সম্পৃক্ত। ``Tense`` বা সময় তিন প্রকার :Present,Past,Future।

**5. By this time next month, the government _ resigned-.**

(a) Would have (b) Will have (c) Will (d)Have Ans.B

ব্যাখ্যা ঃ- বাক্যটিতে by this timeউল্লেখ থাকায়future perfect tenseএর নিয়ম অনুসারে "will have +resigned"হয়েছে।

**6. It_five days since he_missing.**

(a) was,has been (b) was,was (c) has been, went (d)has been,is Ans.A

**7. The baby_because it is hungry now.**

(a) is crying (b) cries (c) is (d)are Ans.A

ব্যাখ্যা ঃ- now হচ্ছে Present Continuous tense-এর Tense marker ।শিশুটি কাঁদছে কারণ এখন সে ক্ষুধার্থ।

**8. Scientists_a new planet.**

(a) had just discover (b) just discover (c) have just discover (d)have just discovered Ans.D

ব্যাখ্যা ঃ- just,alreadyইত্যাদিPresent perfect tense-এর Tense marker ।তাই উত্তর হবে d।

**9. I came home after the rain____.**

(a) stopped (b) just discover (c) has finished (d)having finished Ans.D

ব্যাখ্যা ঃ- afterএর পূর্বেPast Indefinite Tense-থাকায়,পরবর্তীতে Past Perfect Tense এর নিয়ম অনুসারে had stopped করা হয়েছে।

**10.He_to Chicago just a few months ago.**

(a) moved (b) had moved (c) would move (d)has moved Ans.A

ব্যাখ্যা ঃ- just a few months agoথাকায় Past Indefinite Tense-হবে। ঠিক কয়েক মাস আগে সে শিকাগোতে চলে গিয়েছে।

**11.The train_before Jashim reached the station.**

(a)Left (b) have left (c) leave (d)had left (e)none Ans.D

ব্যাখ্যা ঃ- beforeএর পূর্বে Past Perfect Tense-এর পরেPast Indefinite Tense। বাক্যটির অর্থঃ জসীম স্টেশনে পৌঁছার পূর্বে ট্রেনটি ছেড়ে গেল।

**12.I usually _television in the evening.**

(a)watching (b) is watching (c) see (d)watches (e)watch Ans.E

ব্যাখ্যা ঃ- Usuallyহচ্ছেPresent Indefinite Tense-এরTense Marker,তাই বাক্যটিPresent Indefinite Tenseহবে। বাক্যের অর্থঃ আমি সাধারণত বিকালে টেলিভিশন দেখি।

**13.He has just_out.**

(a) gone (b) went (c) going(d)gettingAns.A

ব্যাখ্যা ঃ- বাক্যটিতে " just "adverb-টি উল্লেখ থাকায়Present Perfect Tense,এর নিয়ম অনুসারেverbএরPast participle"gone"হয়েছে।

**14.She told me his name after he_.**

(a) left (b) had left (c) has left (d)has been leaving Ans.B

ব্যাখ্যা ঃ- যেহেতুConjunction"after" –আছে, সেইজন্য Past perfect Tense এর নিয়ম অনুযায়ীafterএর পরের বাক্যটি "Had left"করে Past perfect Tense করা হয়েছে।

**15.How long _English?**

(a) are you learning (b) do you learn (c) have you been learning (d)You learn (e)have you learn Ans.C

ব্যাখ্যা ঃ- বাক্যে How longথাকলে Present Perfect Continuous Tense হয়।

**16.Have you ever_to New York?**

(a) been (b) by (c) into (d)went Ans.A

ব্যাখ্যা ঃ- ভ্রমণ অর্থে যাওয়া বুঝালে goনা বসলেbeবসে। তুমি কি কখনো নিউ ইয়র্ক গিয়েছ? এর ইংরেজী হবে-Have you ever been to New York?

**17.After Harry_his work he _jude from the office.**

(a) finished, called (b) had finished,called (c) finished,had called (d)a & bAns.B

ব্যাখ্যা ঃ- Afterএরপরপast Perfectএবং অন্য অংশটিPast Idefinite Tenseহবে।

**18.We_to Dhaka in 1994 and_here since then.**

(a) came,lived (b) came,were living (c) came,have been living (d)came,had lived Ans.C

ব্যাখ্যা ঃ- বাক্যটির প্রথম অংশে in 1994 থাকায় Past Idefinite Tenseহবে এবং দ্বিতীয় অংশে since+time থাকায় Perfect tense/Perfect Continuous tense হবে। নিয়মঅনুসারে সঠিক উত্তর C।

**19.Jesmin has lost her passport again.It's 2nd time this_.**

(a) has happened (b) happens (c) happened (d) had hapened Ans.A

ব্যাখ্যা ঃ- জেসমিন পুনরায় পাসপোর্ট হারিয়েছে। এই ঘটনাটি দ্বিতীয়বারের মত ঘটেছে। বুঝা যাচ্ছে Present Perfect Tense হবে।

**20. I was tired that night, I _ wood all morning.**

(a) was cutting (b) had been cutting (c) had cut (d)cut Ans.B

ব্যাখ্যা ঃ- আমি ঐ রাতে ক্লাসে ছিলাম, (কারণ) আমি সারা সকাল কাঠ কেটেছিলাম। সারা সকাল ব্যাপী (all morning) কোন কাট চলমান থাকা মানে এটি Present Perfect Continuous Tense হবে।

**21. Tense means_.**

(a) Action (b) Speed (c) Time (d)Verb (e)Adverb Ans.C

**22. How many types of tense?**

(a) 3 (b) 2 (c) 5 (d)4 Ans.A

**23. The tense of verb is related to:**

(a) time (b) person (c) place (d) degree (A)